অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটজুড়ে ঝোপঝাড়ের আগুন সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে গভর্নর হোকলের আপডেট প্রদান

রকল্যান্ড, অরেঞ্জ, স্কহারি ও ওটসেগো কাউন্টিতে অগ্নিকান্ডের প্রতি সাড়া দেওয়ার জন্য স্টেট সংস্থানসমূহ মোতায়েন করেছে

দাবানল প্রতিরোধ করার জন্য আবাসিক এলাকার ঝোপঝাড় পোড়ানোর ব্যাপারে বার্ষিক নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে

গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্কজুড়ে জ্বলতে থাকা ঝোপঝাড়ের আগুনগুলো সম্পর্কে একটি আপডেট জানিয়েছেন। গভর্নর স্থানীয় প্রথম সাড়াদানকারীদের সহযোগিতায় একটি বহু সংস্থা ভিত্তিক সাড়াদান প্রচেষ্টা গ্রহণ করেছেন এবং রকল্যান্ড, অরেঞ্জ, স্কহারি ও ওটসেগো কাউন্টি এবং আরো কয়েকটি কমিউনিটিতে সংস্থানসমূহ প্রদান করা এবং অগ্নিকান্ডের প্রতি সাড়াদান অব্যাহত রেখেছেন।

"গত কয়েক দিনের শুষ্ক ও গরম অবস্থার কারণে, আমরা একাধিক কাউন্টিতে দাবানলের ঘটনা বৃদ্ধি পেতে দেখেছি এবং সেগুলোর প্রতি দ্রুত সাড়াদান করে আসছি," **বলেছেন গভর্নর হোকল।** "আমি সব নিউ ইয়র্কবাসীকে সতর্ক থাকার জন্য উৎসাহিত করছি এবং আমাদের সব প্রথম সাড়াদানকারীকে, এবং প্রতিবেশীকে ধন্যবাদ জানাই যারা এসব আগুন নিয়ন্ত্রণের জন্য এবং আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য কাজ করে যাচ্ছেন।"

শুষ্ক আবহাওয়া এবং সবুজ তরুলতার অভাব দাবানল দেখা দেওয়ার মতো বিপজ্জনক অবস্থা তৈরি করেছে। শুধু গত সপ্তাহেই, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জার্স, নিউ ইয়র্ক স্টেট পুলিশ এভিয়েশন (New York State Police Aviation), স্থানীয় দমকল বিভাগ এবং প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকরা প্রায় 20টি দাবানলের ঘটনায় সাড়াদান করেছেন যেগুলো স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে 400 একরেরও বেশি জায়গা পুড়িয়ে ফেলেছে। ভিডিও ফুটেজ এখানে পাওয়া যাবে: রিচ মন্ডভিল অগ্নিকান্ড; ব্লুমিং গ্রোভ অগ্নিকান্ড; শিনহলো অগ্নিকান্ড।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES)-এর অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

অধিদপ্তরের (Office of Fire Prevention and Control) কর্মকর্তারা রকল্যান্ড, অরেঞ্জ, স্কহারি, ও ওটসেগো কাউন্টিতে মাঠ পর্যায়ে অবস্থান করে সাড়াদান এবং সংস্থান সমন্বয়ের কাজে সহায়তা করার জন্য কাজ করে যাচ্ছেন, যার মধ্যে অরেঞ্জ কাউন্টিতে কার্যক্রম পরিচালনায় সহায়তা করার জন্য জেনারেটর মোতায়েন করাও অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর স্টেটের ফায়ার অপারেশন সেন্টার চালু করেছে এবং স্টেটের ফায়ার মিউচুয়াল এইড প্ল্যান (Fire Mutual Aid Plan) সক্রিয় করেছে। এটি অনুরোধ সাপেক্ষে স্টেটব্যাপী কমিউনিটিগুলো থেকে আগুন মোকাবেলার বাড়তি সংস্থানসমূহ নিয়ে আসার সুযোগ করে দিবে।

রকল্যান্ড কাউন্টি - হ্যাভারস্ট্র বিচ এবং হুক মাউন্টেন
প্রাথমিক পর্যায়ের আগুন তিনটি এলাকায় বিভক্ত ছিল: কংগার, স্টোনি পয়েন্ট, এবং রেলপথের পাশে। কংগারের অগ্নিকান্ড নিয়ন্ত্রণে এসেছে এবং সম্পদগুলো রিলিজ করা হচ্ছে, কিন্তু গরম জায়গাগুলো রয়ে গেছে। ওয়েস্টচেস্টার কাউন্টির হেলিকপ্টার এটির উপর পানি ফেলা অব্যাহত রেখেছে। স্টোনি পয়েন্টের আগুন প্রায় নিভে এসেছে এবং সাড়াদানকারীরা অবশিষ্ট গরম জায়গাগুলো মোকাবেলা করা অব্যাহত রেখেছেন। রেলপথের পার্শ্ববর্তী এলাকার আগুন নিভিয়ে ফেলা হয়েছে। এই এলাকাটি আগামীকাল সকালে পুনরায় মূল্যায়ন করা হবে। যেসব কাঠামোয় আগুন লাগার রিপোর্ট পাওয়া গেছে সেগুলো হলো একটি আবাসিক বাড়ি, একটি শেড, এবং বেড়া। ট্রেন চলাচল এখনো বন্ধ রয়েছে।

অরেঞ্জ কাউন্টি - ব্লুমিং গ্রোভ এবং ডিয়ার পার্ক
অরেঞ্জ কাউন্টিতে দুইটি অগ্নিকান্ড ঘটেছে। ব্লুমিং গ্রোভের আগুন ধীর গতিতে ছড়াচ্ছে এবং আনুমানিক 85 একর জায়গা পুড়িয়ে ফেলেছে যা 65 শতাংশ নিয়ন্ত্রণে এসেছে। স্টেট সংস্থাগুলো সাইটে রয়েছে এবং প্রথম সাড়াদানকারীরা আজ কার্যক্রম শেষে শতকরা 100 ভাগ আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। কাউন্টির অভ্যন্তরীণ আঠারোটি দমকল বিভাগ সাড়াদান কাজে নিয়োজিত রয়েছে এবং কাউন্টির বাইরের চারটি দমকল বিভাগ সহায়তা করছে। ধোঁয়ার অবস্থার কারণে সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে রাউন্ড হিল এলিমেন্টারি স্কুল আজ বন্ধ ছিল।

ডিয়ার পার্কের আগুনটি আনুমানিক 150 একর জায়গা পুড়িয়ে ফেলেছে এবং বর্তমানে শতকরা 75 ভাগ নিয়ন্ত্রণে এসেছে। কাউন্টির চারটি স্থানীয় দমকল বিভাগের পাশাপাশি পেনসিলভেনিয়ার একটি দমকল বিভাগ আগুন নেভানোর কাজে সহায়তা করছে। আবহাওয়ার অবস্থার উপর নির্ভর করে, প্রথম সাড়াদানকারীরা আগামীকাল বিকেলের মধ্যে আগুনটি পুরোপুরি নিয়ন্ত্রণে নিয়ে আসতে পারবেন বলে আশা করছেন।

স্কহারি ও ওটসেগো কাউন্টি - রিচমন্ডভিল
রিচমন্ডভিলের আগুন নিয়ন্ত্রণে রয়েছে। ইনসিডেন্ট কমান্ড পোস্ট আজ রাত 6টায় বন্ধ করে দেওয়া হয়েছে এবং স্টেটের ফরেস্ট রেঞ্জাররা আগুনটি নিয়ন্ত্রণে থাকা নিশ্চিত করতে এবং গরম জায়গাগুলোর আগুন নেভাতে অগ্নিকান্ডের স্থানে টহল দেওয়া অব্যাহত রাখবেন। বাড়তি আগুনের স্ফুলিঙ্গ তৈরি হওয়া প্রতিরোধ করতে বাড়তি সতর্কতা হিসেবে ট্রেনগুলোর জন্য এখনো ঘণ্টায় 10 থেকে 15 মাইল গতিতে ভ্রমণ করা আবশ্যক রাখা হয়েছে।

অন্টারিও কাউন্টি - স্প্রিংওয়াটার
ওল্ড সাউথ বল্ড হিল রোডে স্প্রিংওয়াটারের অগ্নিকান্ড 50 একর জায়গা পুড়িয়ে ফেলেছে। স্থানীয় কর্মকর্তারা এই আগুন শতকরা 98 ভাগ নিয়ন্ত্রণে নিয়ে এসেছেন।

নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দেওয়া হচ্ছে যে আবাসিক এলাকার ঝোপঝাড় পোড়ানোর ব্যাপারে স্টেটব্যাপী বার্ষিক নিষেধাজ্ঞা 14 মে পর্যন্ত কার্যকর থাকবে। উন্মুক্ত জায়গায় আবর্জনা পোড়ানো স্টেটে বসন্তকালীন দাবানল দেখা দেওয়ার সবচেয়ে বড় কারণ। দাবানল তৈরি হওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন সময়ে দাবানল প্রতিরোধ করতে এবং কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখতে DEC ঝোপঝাড় পোড়ানোর ব্যাপারে বার্ষিক নিষেধাজ্ঞা প্রয়োগ করে থাকে। আরো তথ্যের জন্য এখানে যান। 2023 সালের অগ্নিকান্ডের মৌসুমের জন্য আগুনের বিপদের মানচিত্র (Fire Danger Map) DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং আগুনের সর্বশেষ অবস্থা এখানে আপডেট করা হয়।

DEC-এর কমিশনার বাসিল সেগোস বলেন, "DEC-এর ফরেস্ট রেঞ্জারদের উচ্চমানের কর্মীরা এবং প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকরা স্থানীয় দমকল কর্মীদের সঙ্গে নিয়ে স্টেটজুড়ে দাবানলের প্রতি সাড়াদানের কাজ করছেন, এবং আমাদের বাড়ি ও প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখার জন্য নিজেদেরকে ক্ষতির সম্মুখীন করছেন। নিউ ইয়র্ক স্টেট সাড়াদানকারী সবাইকে, বিশেষ করে স্বেচ্ছাসেবকদেরকে, তাদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানায়। এই উইকএন্ডে এবং 14 মে পর্যন্ত প্রতি দিন, আমি সব নিউ ইয়র্কবাসীকে ঝোপঝাড় পোড়ানো সংক্রান্ত নিষেধাজ্ঞার সম্মান রক্ষা করতে এবং আমাদের প্রথম সাড়াদানকারীদেরকে ও কমিউনিটিগুলোকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য বিনীতভাবে অনুরোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এসব আগুন যত দ্রুত সম্ভব এবং যথাসম্ভব নিরাপদে দমন করার জন্য কাজ করে যাওয়ার এই সময়ে, আমাদের অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর আমাদের স্টেট ও স্থানীয় পর্যায়ের অংশীদারদের সঙ্গে সম্পৃক্ত হয়ে কাজ করছে। এসব প্রচেষ্টাকে আরো এগিয়ে নেওয়ার জন্য, ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোর জন্য স্টেটব্যাপী অন্যান্য লোকালয়ের কাছ থেকে আগুনের বিরুদ্ধে লড়াই করার সংস্থানগুলোর অ্যাক্সেস পাওয়ার অধিকতর সক্ষমতা তৈরি করতে, আমরা স্টেটের ফায়ার মিউচুয়াল এইড প্ল্যান সক্রিয় করেছি এবং স্টেটের ফায়ার অপারেশন সেন্টার চালু করেছি।"

স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "স্টেট পুলিশ আগুনগুলো নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় সব সংস্থান সরবরাহ করার জন্য প্রস্তুত রয়েছে। গত কয়েক দিনে, আমাদের এভিয়েশন ইউনিট বাকেট থেকে পানি ফেলা এবং পর্যবেক্ষণমূলক ফ্লাইট পরিচালনা করার কাজে সম্পৃক্ত রয়েছে এবং আমরা আগুন নিভে যাওয়া এবং জনসাধারণ নিরাপদ না হওয়া পর্যন্ত সহায়তা প্রদান করা চালিয়ে যাবো।"

###

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418